

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৪৫.০১৮.০১.১০৮.১০৮.২০১৪-২৩৬


তারিখ : ২৭/০২/২০১৮

বিষয় : রাজস্ব তহবিলের অর্থায়নে নাগরপুর উপজেলা পরিষদের বাউন্ডারী ওয়াল নির্মাণের অনুমোদন।

সূত্র : উপজেলা নির্বাহী অফিসার, নাগরপুর, টাঙ্গাইল এর স্মারক নং-১১১; তারিখ : ৩১/০১/২০১৮।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকে নাগরপুর উপজেলা পরিষদের অসমাপ্ত বাউন্ডারী ওয়াল নির্মাণ প্রস্তাব পাওয়া যায়। প্রস্তাবে বর্ণিত নির্মাণ কাজ কোন্ তহবিলের অর্থায়নের বাস্তবায়ন করা হবে তা উল্লেখ নেই। এছাড়া উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের স্থিতি প্রেরণ করা হয়নি। তদুপরি কার্যবিবরণীতে প্রস্তাবিত সীমানা প্রাচীরের দৈর্ঘ্য ২৬৫ মিটার এবং কারিগরী প্রতিবেদনে দৈর্ঘ্য ২৭০ মিটার উল্লেখ রয়েছে। প্রকৃতপক্ষে কোন্ পরিমাপটি সঠিক তা অনুধাবন করা যাচ্ছে না। তাছাড়া, সীমানা প্রাচীর নির্মাণ বিষয়ে এ বিভাগের ২১/০৮/২০১৬ তারিখের ১৩১৪নং স্মারকের নির্দেশনা অনুযায়ী প্রাক্কলন প্রেরণ করা হয়নি।

এমতাবস্থায়, নাগরপুর উপজেলা পরিষদের অসমাপ্ত বাউন্ডারী ওয়াল নির্মাণ সংক্রান্ত বর্ণিত বিষয়গুলো স্পষ্টীকরণের মাধ্যমে স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব পুনঃ প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(মোহাম্মদ জাহিরুল ইসলাম)

উপসচিব

ফোন : ৯৫৭৭২৩০

e-mail : lgd.upazila2@gmail.com

উপজেলা নির্বাহী অফিসার

নাগরপুর, টাঙ্গাইল।

অনুলিপি :

১. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।